

## ঘ) শিশু নিরাপত্তা বীমা (লাভসহ)

এই বীমা পরিকল্পনা যুগ্ম ভাবে প্রিমিয়াম দাতা ও শিশুর জীবনের উপর দেয়া হয়। সাধারণতঃ শিশুর পিতা এই পরিকল্পনে প্রিমিয়াম দাতা বলে বিবেচিত হয়। পিতা জীবিত না থাকলে অথবা তিনি বীমা গ্রহণের অযোগ্য বলে বিবেচিত হলে শিশুর মাতা প্রিমিয়াম দাতা হতে পারেন। পিতামাতা ভিন্ন অন্য কেউ এই পরিকল্পনায় প্রিমিয়াম দাতা হতে পারেন না। শিশুর মাতাকে সেক্ষেত্রে অবশ্যই শিক্ষিতা (এসএসসি/সমমান) ও কর্মজীবী হতে হবে। এ পরিকল্পনের অধীনে শিশুর জন্য বহুমুখী নিরাপত্তা প্রদান করা হয়। ন্যাশনাল লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড আয়ের মানুষের কথা চিন্তা করে জনবীমার শিশু নিরাপত্তা বীমা পরিকল্পনা চালু করে।

### এই বীমার বৈশিষ্ট্যসমূহ :

- ❖ শিশুর প্রিমিয়াম দাতার (বাবা) বয়স : সর্বনিম্ন ২১ বছর ও সর্বোচ্চ ৪০ বছর
- ❖ শিশুর সর্বনিম্ন প্রবেশকালীন বয়স : ৬ মাস
- ❖ শিশুর সর্বোচ্চ প্রবেশকালীন বয়স : ১৮ বছর
- ❖ শিশুর প্রিমিয়াম দাতার (বাবা) সর্বোচ্চ মেয়াদ পূর্তকালীন বয়স : ৬০ বছর
- ❖ শিশুর সর্বোচ্চ মেয়াদ পূর্তকালীন বয়স : ৩০ বছর
- ❖ সর্বনিম্ন বীমা অংক : ৬ হাজার টাকা
- ❖ সর্বোচ্চ বীমা অংক : ৫০ হাজার টাকা
- ❖ বীমার মেয়াদ : ১০, ১৫ ও ২০ বছর
- ❖ প্রিমিয়াম প্রদানের পদ্ধতি : মাসিক
- ❖ সহযোগী বীমা : এ বীমার সাথে অতিরিক্ত বীমা (Supplementary) হিসেবে সহযোগী বীমা নেয়া যাবে না।

### এই বীমার সুবিধাসমূহ :

- ১। মেয়াদ শেষে অর্জিত বোনাসসহ সম্পূর্ণ বীমা অংক প্রদান করা হয়।
- ২। মেয়াদ পূর্তির পূর্বে প্রিমিয়াম দাতার মৃত্যু হলে মৃত্যুর দিন থেকে মেয়াদ পূর্তি পর্যন্ত দেয় প্রিমিয়াম মওকুফ হয়ে যায় এবং শিশুকে নিম্নোক্ত সুবিধা দেয়া হয়। যথা :
  - প্রতি হাজার টাকা বীমার জন্য বার্ষিক ১০০ টাকা হারে প্রিমিয়াম দাতার মৃত্যুকাল থেকে শুরু করে মেয়াদ পূর্তি পর্যন্ত অথবা মেয়াদ পূর্তির পূর্বে শিশুর মৃত্যু হলে শিশুর মৃত্যুর দিন পর্যন্ত ১০০ টাকা হারে দেয়া হয়।
- ৩। মেয়াদ পূর্তির পূর্বে ১ম, ২য়, ৩য়, ৪র্থ বর্ষের মধ্যে অথবা তদূর্ধ্ব বর্ষে শিশুর মৃত্যুতে যথাক্রমে বীমা অংকের ২০%, ৪০%, ৬০%, ৮০% এবং ১০০% ও অর্জিত বোনাস প্রিমিয়াম দাতাকে দেয়া হয়।
- ৪। এ বীমার প্রিমিয়াম আয়কর মুক্ত।

শিশুর নিরাপত্তা বীমা পরিকল্পনা  
মাসিক প্রিমিয়াম সারণী  
বীমার মেয়াদ ১০, ১৫, ২০ বছর  
গ্রাহকের বয়স : বীমার শুরুতে সর্বোচ্চ ৪০ বৎসর।  
পরিকল্পনা নং ২০৪

বীমা অংক (টাকায়)	বীমার মেয়াদ ১০ বৎসর নিকটতম জন্মদিনে সন্তানের বয়স ১ থেকে ১৮ বৎসর প্রিমিয়াম (টাকা)	বীমার মেয়াদ ১৫ বৎসর নিকটতম জন্মদিনে সন্তানের বয়স ১ থেকে ১৫ বৎসর প্রিমিয়াম (টাকা)	বীমার মেয়াদ ২০ বৎসর নিকটতম জন্মদিনে সন্তানের বয়স ১ থেকে ১৫ বৎসর প্রিমিয়াম (টাকা)
৬০০০	৬০	৪২	৩৩
৮,০০০	৮০	৫৬	৪৪
১০,০০০	১০০	৭০	৫৫
১৫,০০০	১৫০	১০৫	৮৩
২০,০০০	২০০	১৪০	১১০
২৫,০০০	২৫০	১৭৫	১৩৮
৩০,০০০	৩০০	২১০	১৬৫
৩৫,০০০	৩৫০	২৪৫	১৯৩
৪০,০০০	৪০০	২৮০	২২০
৪৫,০০০	৪৫০	৩১৫	২৪৮
৫০,০০০	৫০০	৩৫০	২৭৫